

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৬.২০১৯/৭৫২/৪

তারিখ: ০৬/০৮/১৪২৬বঙ্গাব্দ  
১৫/০৭/২০১৯খ্রিস্টাব্দ

**বিষয়:** নরসিংদী জেলার বেলাব উপজেলাধীন পোড়াদিয়া ওয়াসিম উদ্দিন খান ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মোঃ আতাউর রহমান ভূঁইয়ার বিরুদ্ধে অভিযোগ।

**সূত্র:** জনাব তেজেন্দ্র কুমার মজুমদার, সহকারী অধ্যাপক (পদার্থবিদ্যা) এবং জনাব মোঃ হাবিবুর রহমান, সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা) কর্তৃক অভিযোগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার বেলাব উপজেলাধীন পোড়াদিয়া ওয়াসিম উদ্দিন খান ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোঃ আতাউর রহমান ভূঁইয়া এর বিরুদ্ধে অভিযোগের বিষয়ে তদন্ত সাপেক্ষে কার্যকরী পদক্ষেপ নিতে কলেজের মোঃ হাবিবুর রহমান (ফরহাদ), সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা এবং তেজেন্দ্র কুমার মজুমদার, সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান অভিযোগ করেছেন।

**অভিযোগ:** শিক্ষকবৃন্দ পোড়াদিয়া ওয়াসিম উদ্দিন খান ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোঃ আতাউর রহমান ভূঁইয়া এর বিভিন্ন অনিয়ম, দুর্নীতি, অশালীন আচরণ এবং বিভিন্ন সময়ে শিক্ষক-কর্মচারীদের মার-ধর বিষয়ে আন্দোলন করে আসছেন। দীর্ঘ দিনের এ সমস্যা সমাধানের লক্ষ্যে ২৩/০১/২০১৯খ্রি. কলেজ শিক্ষক মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার, মাধ্যমিক শিক্ষা অফিসার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা বেলাব থানা, গভর্নর্ বডি সদস্য, অধ্যক্ষ, শিক্ষকবৃন্দ ও গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হয়। সভা চলাকালে বহিরাগত সন্ত্রাসীরা কলেজের শিক্ষক মিলনায়তনের দরজায় লাথি মারতে থাকে এবং বাহির থেকে অকথ্য ভাষায় গালিগালাজ করতে থাকে। উদ্ভূত পরিস্থিতিতে উপজেলা নির্বাহী অফিসার, মাধ্যমিক শিক্ষা অফিসার অপমানিত বোধ করে সভা স্থল ত্যাগ করে চলে যান। পরবর্তীতে অধ্যক্ষের নির্দেশে বহিরাগত সন্ত্রাসীরা শিক্ষক মিলনায়তনে প্রবেশ করে শিক্ষকদের শারীরিকভাবে লাঞ্চিত করে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে সুস্পষ্ট মতামত প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে মতামত না পাওয়া গেলে আপনার কোন মতামত নেই বলে বিবেচিত হবে।

  
১৫.০৭.১৯

(ফারহান আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

পোড়াদিয়া ওয়াসিম উদ্দিন খান ডিগ্রি কলেজ

উপজেলা: পোড়াদিয়া, নরসিংদী

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, পোড়াদিয়া ওয়াসিম উদ্দিন খান ডিগ্রি কলেজ, উপজেলা: পোড়াদিয়া, নরসিংদী
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পোড়াদিয়া, নরসিংদী
- ৪। সংরক্ষণ নথি।